ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সংগ্রহ বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৮.০৭.০১২.২৩ নথির বিষয়: ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগার এর ২০০০ মিমি ব্যাস ট্রান্সমিশন মেইন পাইপলাইন এর জন্য স্টিল পাইপ ও ডাকটাইল আয়রণ ফিটিংস এবং বিভিন্ন ধরনের ভালভ সংগ্রহ কাজ প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: **ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগার এর ২০০০ মিমি ব্যাস ট্রান্সমিশন মেইন পাইপলাইন এর জন্য স্টিল পাইপ ও ডাকটাইল আয়রণ ফিটিংস এবং বিভিন্ন ধরনের ভালভ সংগ্রহ কাজ প্রসংগে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১১/৫/২৩ ৭:৩৪ অপরাহ্ণ

সংযুক্তি নং-১ হতে ৬ দেখা যেতে পারে। পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার গত ১০/১০/২০১৯ ইং আনুষ্ঠানিকভাবে পানি পরিশোধন কার্যক্রম শুরু করে। পদ্মানদীর তীরবর্তী ও Intake pumping station (IPS) হতে মিটফোর্ড ইনজেক্ট পয়েন্ট পর্যন্ত ২০০০ মিঃমিঃ ব্যাসের মোট ৩৪ কিঃমিঃ ট্রান্সমিশন মেইন লাইন রয়েছে যা ঢাকা-মাওয়া হইওয়ে এর খুবই সন্নিকটে। উক্ত স্থানে ঢাকা-মাওয়া এন-৮ প্রকল্প ও রেললাইন প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্প সমূহের বিভিন্ন উন্নয়ন কাজ চলাকালীন সময়ে ইতোমধ্যে একাধিকবার ট্রান্সমিশন মেইন লাইন ক্ষতিগ্রস্থ হয়েছে। যা China CAMC Engineering Co. Ltd এবং পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার (পরিচলন ও রক্ষণাবেক্ষণ) বিভাগ কর্তৃক মেরামতি কাজ সম্পদান করানো হয়েছে। কিন্তু বর্তমানে লিকেজ মেরামতের পর্যাপ্ত মালামাল পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার (পরিচলন ও রক্ষণাবেক্ষণ) বিভাগের কাছে নাই মর্মে পত্র মারফত জানানো হয়। ফলশ্রুতিতে অদূর ভবিষ্যতে লাইনটিতে কোন প্রকার লিকেজ হলে অতি দ্রুততার সাথে কাজ করার জন্য লিকেজ মেরামতের সরঞ্জামাদি তথা ডাকটাইল পাইপসহ এর আনুষাঙ্গিক মালামাল সংগ্রহ প্রয়োজন। সেইলক্ষ্যে সংগ্রহ বিভাগ-২ হতে পদ্মা পানি শোধনাগার এর ২০০০ মিমি ব্যাস ট্রান্সমিশন মেইন পাইপলাইন এর জন্য স্টিল পাইপ ও ডাকটাইল আয়রণ ফিটিংস এবং বিভিন্ন ধরনের ভালভ সংগ্রহের উদ্দ্যোগ গ্রহন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১১/৫/২৩ ৭:৩৭ অপরাহ্ণ

সেই প্রেক্ষিতে পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার (ওএন্ডএম) বিভাগ হতে আলোচ্য কাজের মালামাল ক্রয়ের চাহিদা ও কারিগরী বির্নিদেশ সংগ্রহ করা হয় (সংযুক্তি নং-১ ও ২)। পদ্মা পানি শোধনাগার এর ২০০০ মিমি ব্যাস ট্রান্সমিশন মেইন পাইপলাইন এর জন্য স্টিল পাইপ ও ডাকটাইল আয়রণ ফিটিংস এবং বিভিন্ন ধরনের ভালভ সংগ্রহরে লক্ষ্যে ০৪(চার)টি সরবরাহকারী প্রতিষ্ঠানকে দর প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয় (সংযুক্তি নং-৪)। ততপ্রেক্ষিতে ০৩(তিন)টি সরবরাহকারী প্রতিষ্ঠান হতে দর পাওয়া গিয়েছে (সংযুক্তি নং-৫)। সংগৃহীত দরের মধ্য হতে সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি নং-৬ দ্রঃ)। প্রাক্কলনে মালামাল সমূহের প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ টাঃ ১,৯২,৫৪,৯৮০/- (এক কোটি বিরানব্বই লক্ষ চুয়ান্ন হাজার নয়শত আশি টাকা মাত্র) টাকা এবং রিলেটেড সার্ভিসেস এর মধ্যে লেবার খরচ বাবদ লামসাম ধরা হয়েছে টাঃ ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র)। অর্থাৎ, আলোচ্য কাজের সর্বমোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ টাঃ ১,৯২,৬৪,৯৮০/- (এক কোটি বিরানব্বই লক্ষ চৌষট্টি হাজার নয়শত আশি টাকা মাত্র) টাকা । আলোচ্য সংগ্রহ কাজটির ব্যয় সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনার "খুচড়া যন্ত্রাংশ (অন্যান্য)" খাতে অন্তর্ভুক্তি সাপেক্ষে ব্যয় নির্বাহ করা হবে। পিপিএ ২০০৬ এর ধারা ৮ এবং পিপিআর এর বিধি ৩৮ মোতাবেক সর্বশেষ DoFP অনুযায়ী আলোচ্য সংগ্রহ কাজের Approving Authority হল Managing Director, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১১/৫/২৩ ৭:৪২ অপরাহ্ণ

আলোচ্য সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসরন পূর্বক e-GP System এ One Stage Two Envelope (OSTETM) পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। সংগ্রহ কাজটির দরপত্র দলিল CPTU প্রনীত STD (e-PG-3) অনুসরণ পূর্বক প্রণয়ন করত কার্যসম্পাদন করা হবে। এছাড়া TDS এর ITT-1 তে Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA রাখা হয়েছে। উক্ত দরপত্র দলিলের TDS অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 15.1 তে সার্বিক ক্রয়কাজের অভিজ্ঞতা (Overall Supply Experience) ৫ বৎসর এবং ITT 15.1 (b) এ সমপ্রকৃতির কাজের অভিজ্ঞতা (Similar Supply Experience) গত ৩ বৎসরে ১টি কাজে মোট ১৫০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial criteria হিসাবে ITT 16.1(a) এ ১৬০.০০ লক্ষ টাকা রাখা যেতে । আলোচ্য সংগ্রহ কাজের

দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৬):

১। পদ্মা পানি শোধনাগার হতে সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে সফটওয়্যার ও অফ-লাইনে প্রদানকৃত চাহদিা।.

২। Technical Specification.pdf

৩। সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।.

৪। পদ্মা পানি শোধনাগারের ২০০০মিলিমিটার ট্রান্সমিশন লাইনের জন্য স্টিল পাইপ ও ডাকটাইল আয়রণ ফিটিংস এবং বিভিন্ন ধরনের ভালভের দর প্রদানরে নিমিত্তে সরবরাহকারী বরাবর প্ররেতি পত্র।.

৫। বিভিন্ন সরবরাহকারী প্রতষ্ঠিান হতে প্রাপ্ত দর।.

৬। আলোচ্য সংগ্রহ কাজরে প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১১/৫/২৩ ৭:৪৩ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ নং ১.০ হতে ১.২ এর বর্ণনার ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগার এর ২০০০ মিমি ব্যাস ট্রান্সমিশন মেইন পাইপলাইন এর জন্য স্টিল পাইপ ও ডাকটাইল আয়রণ ফিটিংস এবং বিভিন্ন ধরনের ভালভ সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে-

ক) আলোচ্য কাজের ব্যয় সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার "খুচড়া যন্ত্রাংশ (অন্যান্য)" খাতে অন্তর্ভূক্ত করতঃ ব্যয় নির্বাহের অনুমোদন দেয়া যেতে পারে।

খ) আলোচ্য সংগ্রহ কাজের জন্য উপস্থাপিত সর্বমোট ১,৯২,৬৪,৯৮০/- (এক কোটি বিরানব্বই লক্ষ চৌষট্টি হাজার নয়শত আশি টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি অনুমোদন।

গ) আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

ঘ) আলোচ্য সংগ্রহ কাজটি Standard Tender Document (STD) PG3 অনুযায়ী e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবানের মাধ্যমে One Stage Two Envelope Tendering Method (OSTETM) পদ্ধতিতে বাস্তবায়নের অনুমোদন।

১১/৫/২৩ ৭:৪৪ অপরাহ্ন মোঃ রবিন হাসান উপ-সহকারী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	১১/৫/২৩ ৮:১৯ অপরাহ্ন সাইমুল হক সহকারি প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	১১/৫/২৩ ৯:০৪ অপরাহ্ন মোঃ জয়নাল আবদীন নির্বাহী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	১১/৫/২৩ ৯:১৪ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল

~~১১/৫/২৩ ৯:১৪ অপরাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১২/৫/২৩ ৮:০৪ অপরাহ্ন

আলাপ করুন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

ঢাকা ওয়াসা

১২/৫/২৩ ৮:০৪ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~১২/৫/২৩ ৮:০৪ অপরাহ্ন~~ ~~মোঃ জয়নাল আবদীন~~ ~~নির্বাহী প্রকৌশলী~~ ~~সংগ্রহ বিভাগ-২~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৬/৬/২৩ ১:১৯ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর আলোকে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। আলোচনায় জানানো হয় যে, পিপিআর ২০০৮ অনুযায়ী বাজার পর যাচাই করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। আশা করা যায় যে, উন্মুক্ত দর পত্রের মাধ্যমে প্রকৃত দর পাওয়া যাবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, অনুচ্ছেদ নং ১.০ হতে ১.৪ এর বর্ণনার ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগার এর ২০০০ মিমি ব্যাস ট্রান্সমিশন মেইন পাইপলাইন এর জন্য স্টিল পাইপ ও ডাকটাইল আয়রণ ফিটিংস এবং বিভিন্ন ধরনের ভালভ সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে-

ক) আলোচ্য কাজের ব্যয় সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার “খুচড়া যন্ত্রাংশ (অন্যান্য)” খাতে অন্তর্ভূক্ত করতঃ ব্যয় নির্বাহের অনুমোদন দেয়া যেতে পারে।

খ) আলোচ্য সংগ্রহ কাজের জন্য উপস্থাপিত সর্বমোট ১,৯২,৬৪,৯৮০/- (এক কোটি বিরানব্বই লক্ষ চৌষট্টি হাজার নয়শত আশি টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি অনুমোদন।

গ) আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

ঘ) আলোচ্য সংগ্রহ কাজটি Standard Tender Document (STD) PG3 অনুযায়ী e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবানের মাধ্যমে One Stage Two Envelope Tendering Method (OSTETM) পদ্ধতিতে বাস্তবায়নের অনুমোদন।

২৬/৬/২৩ ১:১৯ অপরাহ্ন মোঃ জয়নাল আবদীন নির্বাহী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	২৬/৬/২৩ ৫:৪০ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	২৬/৬/২৩ ৬:০৭ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~২৬/৬/২৩ ৬:০৭ অপরাহ্ন~~ ~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~ ~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)~~ ~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২৭/৬/২৩ ২:০৮ পূর্বাহ্ন

Forwarded for the approval of note 1.5.

২৭/৬/২৩ ২:০৮ পূর্বাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

~~২৭/৬/২৩ ২:০৮ পূর্বাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ২৮/৬/২৩ ১:৩১ পূর্বাহ্ন

Okay

২৮/৬/২৩ ১:৩২ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৯/৬/২৩ ৫:৩১ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

২/৭/২৩ ৫:০০ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

২/৭/২৩ ৬:১৩ অপরাহ্ন
মোঃ জয়নাল আবদীন
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২

৩/৭/২৩ ১১:৫৩ পূর্বাহ্ন
সাইমুল হক
সহকারি প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২

১৬/১০/২৩ ৪:১৪ অপরাহ্ন
মোঃ রবিন হাসান
উপ-সহকারী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২